# যশোর বোর্ড-২০১৭

**অর্থনীতি- দ্বিতীয় পত্র** বিষয় কোড : | ১ | ১ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ▶ সম্প্রতি এক সেমিনারে বক্তারা মতামত প্রকাশ করেন যে, বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা প্রতিনিয়ত উন্নত হচ্ছে। বিশেষ করে গণতান্ত্রিক সরকারের আমলে দেশের অর্থনৈতিক অবস্থার যথেষ্ট পরিবর্তন হয়েছে। GDP তে প্রবৃদ্ধি বেড়েছে। জীবনযাত্রার মান উন্নত হয়েছে। GDP তে কৃষির অবদান কমেছে। মানবসম্পদসহ অন্যান্য খাতের উন্নয়ন সম্ভব হলে বাংলাদেশ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হবে বলে বক্তারা আশাবাদ ব্যক্ত করেন।

ক. অর্থনৈতিক অবকাঠামো কাকে বলে? ১

খ. কী কী শিল্পের জন্য মুসলিম যুগ বিখ্যাত ছিল? ২

গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অর্থনৈতিক গতিধারা পরিবর্তনের বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকে বক্তাদের ধারণা অনুযায়ী বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পৌছাতে কী কী পদক্ষেপ গ্রহণ করা দরকার? ৪

**২.** ▶ আব্দুর রহিম ৬ষ্ঠ শ্রেণিতে পড়া অবস্থায় পিতার মৃত্যু হয়। পৈত্রিক ২ বিঘা জমি, বাবার ঋণ এবং মা ও কয়েকজন ভাইবোন নিয়ে তার কর্মজীবন শুরু হয়। কৃষিকাজে বীজ, সার ও অন্যান্য উপকরণ কেনার জন্য প্রায়ই তাকে ঋণ গ্রহণ করতে হয়। তার উপর প্রাকৃতিক দুর্যোগ লেগেই আছে। বোনের বিয়ের জন্য তাকে অনেক টাকা ঋণ করতে হয়।

ক. জীবননির্বাহী খামার বলতে কী বোঝ? ১

খ. কৃষি পণ্য বিপণনে দুটি প্রধান সমস্যা লিখ। ২

গ. উদ্দীপকের ভিত্তিতে আব্দুর রহিম যে ঋণগুলো নিয়েছে তা বর্ণনা করো। ৩

ঘ. আব্দুর রহিমের মতো কৃষকেরা সময়ের ভিত্তিতে যে সব কৃষি ঋণ সাধারণত গ্রহণ করে— সেগুলো ব্যাখ্যা করো। ৪

**৩.** ▶ দিনু বাঁশের কুলা, ঢাকি তৈরি ও বিক্রি করে। তার বউ সোহাগী তার এই কাজে সাহায্য করে। দিনুর পুঁজি কম থাকায় সে ব্যাংকে ঋণের জন্য যায়। কিন্তু জামানত দিতে না পারায় ব্যাংক তাকে ঋণ দেয় না। ফলে তাকে অনেক কষ্টে সংসার চালাতে হয়।

ক. রপ্তানিমুখী শিল্প কী? ১

খ. কর্মসংস্থান বৃদ্ধিতে PPP এর ভূমিকা কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যাসমূহ কী কী? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের উন্নয়নের জন্য তুমি কী কী ব্যবস্থা গ্রহণের সুপারিশ কর? ৪

**৪.** ▶ করিম খুলনায় জুট মিলে কাজ করে। সে মিলের পাশেই বস্তিতে বসবাস করে। সেখানে অস্বাস্থ্যকর পরিবেশে অনেক লোকের বাস। নাই পয়ঃনিষ্কাশন

http://teachingbd.com

ও রাস্তাঘাটের সুবিধা। আমাশয়, কলেরা, ডায়রিয়া প্রভৃতি রোগ লেগেই আছে। একদিন টেলিভিশন দেখে সে জানতে পারল— এ দেশের স্বাস্থ্যগত সমস্যা, পরিবেশ দূষণ প্রভৃতি জনসংখ্যা বেশি হওয়ার কারণেই হচ্ছে।

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১

খ. প্রশিক্ষণ কীভাবে মানবসম্পদ উন্নয়নে সহায়তা করে? ২

গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির প্রভাবসমূহ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে করিমের সমস্যা সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? ৪

৫.▶ বাংলাদেশে কৃষিতে নীরব বিপ্লব সাধিত হয়েছে। হাওর, বাওড় ও উপকূলীয় এলাকায়ও এখন ধান চাষ হচ্ছে। সার, বীজ ও আধুনিক কৃষিপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষির উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। ফলে খাদ্য ঘাটতি অনেক কমেছে। এছাড়াও সরকার খাদ্য নিরাপত্তার জন্য খাদ্যশস্য আমদানি, আপদকালীন মজুদ ও কৃষি গবেষণার উপর গুরুত্ব দিয়েছেন।

ক. খাদ্য নিরাপত্তা কী? ১

খ. খাদ্য প্রাপ্যতাই কি খাদ্য নিরাপত্তার জন্য যথেষ্ট? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে খাদ্য নিরাপত্তার জন্য গৃহিত পদক্ষেপসমূহ আলোচনা করো। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে খাদ্য নিরাপত্তার জন্য আরও কী কী পদক্ষেপ নেয়া যেতে পারে? ৪

৬.▶ আতিক একজন মুদি দোকানদার। সেই সাথে সে শেয়ারবাজারে শেয়ার কেনা-বেচাও করে। সে শেয়ারের দাম কমলে শেয়ার কেনে ও দাম বাড়লে শেয়ার বিক্রি করে। এতে আতিক সাহেব লাভবান হতে থাকে এবং তার পুঁজির পরিমাণ বাড়তে থাকে। তাকে দেখে অনেকে শেয়ার ব্যবসায় আকৃষ্ট হয়।

ক. অর্থায়ন কী? ১

খ. শেয়ার ও বন্ড মার্কেটের মধ্যে দুটি প্রধান পার্থক্য লিখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আতিক সাহেবের শেয়ার কোন ধরনের? তার বৈশিষ্ট্য লিখ। ৩

ঘ. আতিক সাহেবের পুঁজি গঠনে শেয়ারবাজার কীভাবে ভূমিকা রাখে? ব্যাখ্যা করো। ৪

৭.▶ বাংলাদেশে দ্রব্যমূল্য ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের জন্য নানা পদক্ষেপ গ্রহণ করা সত্ত্বেও তা অব্যাহত রয়েছে। এর ফলে ভোগান্তির শিকার হচ্ছে গরিব, নিম্নবিত্ত, চাকরিজীবী ও সীমিত আয়ের মানুষ। অপরদিকে লাভবান হচ্ছে অসাধু ব্যবসায়ীরা।

ক. ভোক্তার মূল্যসূচক কী? ১

খ. সরকারি ব্যয় বৃদ্ধি মুদ্রাস্ফীতি ঘটায়— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত অবস্থায় সমাজের উপর প্রভাবসমূহ আলোচনা করো। ৩

http://teachingbd.com

ঘ. উদ্দীপকে বর্ণিত গরিব, নিম্নবিত্ত, সীমিত আয়ের মানুষের ভোগান্তি থেকে উত্তরণের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে? ৪

৮.▶ মি. হাবিব নোয়াখালি জেলার একজন বৈদ্যুতিক মিস্ত্রি। সে কাজের সন্ধানে দুবাই যায়। একদিন সে একটি শপিংমলে প্রাণ আচার, চানাচুর ও RFL এর পণ্যসামগ্রী দেখে আনন্দ অনুভব করে। কিন্তু তা সামান্য মাত্র। শপিংমলের অন্যান্য দ্রব্যসামগ্রী চীন, জাপান, আমেরিকা ও ইংল্যান্ডের। দোকানদার হাবিবকে বলেন যে, তোমার দেশের উৎপাদিত পণ্যের মান নিম্ন, পরিবহন সমস্যা, রাজনৈতিক অস্থিতিশীলতার জন্য আমরা কম পণ্য আমদানি করি।

ক. আন্তর্জাতিক বাণিজ্য কী? ১

খ. আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ বাণিজ্যের প্রধান দুটি পার্থক্য লিখ। ২

গ. শপিংমলে হাবিবের দেশের পণ্য কম হওয়ার কারণ কী? ৩

ঘ. উদ্দীপকে হাবিবের দেশের বেশি পণ্যসামগ্রী শপিংমলে দেখতে হলে কী করা প্রয়োজন? ৪

৯.▶ শিপলু বিদেশে বসবাস করে। সে দেশের সরকার জনগণের নিকট থেকে উচ্চ হারে কর আদায় করে এবং সেই দেশের আয়ের প্রধান খাত করো। দেশটি উন্নত না হওয়ায় প্রতি বছর অন্য দেশ থেকে অনুদান ও ঋণ গ্রহণ করে। দেশটি সামান্য-পরিমাণ দ্রব্যসামগ্রী অন্য দেশে রপ্তানিও করে।

ক. কর কত প্রকার ও কী কী? ১

খ. সরকারি আয়ের উল্লেখযোগ্য উৎসসমূহ কী কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত দেশটির সরকারের আয়ের খাতসমূহ কী কী? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশটির সাথে বাংলাদেশ সরকারের আয়ের খাতের মিল আছে কি? ব্যাখ্যা করো। ৪

১০.▶ সাকিব চীনে একটি মেডিকেল কলেজে পড়ে। সেখানে তার বন্ধু X দেশের টনি এর সাথে আলাপকালে টনি জানায় যে, তাদের দেশে প্রচুর প্রাকৃতিক সম্পদ রয়েছে। রয়েছে বন ও সমুদ্র। কিন্তু সুষ্ঠু পরিকল্পনার অভাবে অধিকাংশ প্রাকৃতিক সম্পদ অপচয় হচ্ছে। তাই তারা অনুন্নত।

ক. বাংলাদেশের দ্বি-বার্ষিক পরিকল্পনার মেয়াদকাল কত ছিল? ১

খ. সুষ্ঠু পরিকল্পনা উন্নয়নে সহায়ক— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে টনি এর দেশের উন্নয়নের জন্য পরিকল্পনার গুরুত্ব বর্ণনা করো। ৩

ঘ. সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে উদ্দীপকে বর্ণিত টনির দেশকে উন্নত দেশে পরিণত করা সম্ভব— বিশ্লেষণ করো। ৪

১১.▶ শিমুল সিলেট থেকে রংপুরে দাদু'র বাড়িতে বেড়াতে যায়। সে দেখে গত বছর যে সমস্ত জমিতে তামাক আবাদ হয়েছিল, সেখানকার অনেক জমিতে এবার ধান ও ভুট্টা আবাদ হয়েছে। বিষয়টি তাকে খুব আনন্দ দেয়।

ক. কৃষি খামার কী? ১

খ. চিংড়িকে সাদা সোনা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের আলোকে শস্য বহুমুখীকরণের প্রভাব আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে শিমুর আনন্দ লাভের কারণ ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান — ৩০　　**অর্থনীতি দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা**　　বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. বাংলাদেশে খাদ্য নিরাপত্তার জন্য প্রয়োজন—**
i. খাদ্যের মজুদ বৃদ্ধি
ii. খাদ্যাভ্যাস পরিবর্তন
iii. খাদ্যের ক্রয়যোগ্যতা নিশ্চিতকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**উদ্দীপকের আলোকে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও:**
শফিক সাহেব একজন সচেতন মানুষ। একদিন তিনি এক হোটেলে খেতে খেতে দেখলেন সেখানে বাঁসী তেলে বিভিন্ন ধরনের খাবার ভাজা হচ্ছে। তিনি মালিককে নিষেধ করায় মালিক রেগে গিয়ে শফিক সাহেবকে বলল আপনি বলার কে?

**২. উদ্দীপকে খাদ্যের কোন বিষয়টি ফুটে উঠেছে?**
ক) খাদ্য নিরাপত্তা　খ) খাদ্যের যোগান
গ) উৎপাদন ব্যয়　ঘ) ভেজাল খাদ্য

**৩. উদ্দীপকের সমস্যা সমাধানের জন্য প্রয়োজন—**
i. সরকারি আইন
ii. জনসচেতনতা
iii. দুর্নীতিমুক্ত কর্মকর্তা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**৪. বাংলাদেশে কয়টি পুঁজি বাজার রয়েছে?**
ক) ১　খ) ২
গ) ৩　ঘ) ৪

**৫. বেসরকারি অর্থায়ন বলতে বোঝায়—**
i. ব্যক্তিগত অর্থায়ন
ii. ব্যবসায় অর্থায়ন
iii. অ-ব্যবসায় অর্থায়ন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**৬. "অধিক পরিমাণ মুদ্রা অল্প পরিমাণ দ্রব্যের পেছনে ধাবিত হওয়ার নাম মুদ্রাস্ফীতি"— কার উক্তি?**
ক) কুলবর্ন　খ) ক্রাউথার
গ) জি. অ্যাকলে　ঘ) পিগু

**উদ্দীপকের আলোকে ৭নং প্রশ্নের উত্তর দাও:**
কোনো দেশে ২০১৪ সালে দামস্তর ছিল ১০ টাকা। ২০১৫ সালে দামস্তর বেড়ে ১২ টাকা হয়।

**৭. উক্ত দেশে মুদ্রাস্ফীতির হার কত?**
ক) ১০%　খ) ১৫%
গ) ২০%　ঘ) ২৫%

**৮. বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানিতে বৃহৎ বাজার কোনটি?**
ক) মধ্যপ্রাচ্য　খ) যুক্তরাজ্য
গ) ইইউ　ঘ) যুক্তরাষ্ট্র

**৯. বাংলাদেশের আঞ্চলিক সমুদ্র সীমা কত নটিক্যাল মাইল?**
ক) ৯　খ) ১০
গ) ১২　ঘ) ১৫

**১০. মুসলিম শাসনামলের অন্যতম বৈশিষ্ট্য হলো—**
i. নৌ শিল্পের প্রসার　ii. মুদ্রার প্রথম প্রচলন
iii. খাজনা প্রথা রহিতকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**উদ্দীপকের আলোকে ১১নং প্রশ্নের উত্তর দাও:**
বশির সাহেব সিরাজগঞ্জ জেলার একজন ক্ষুদ্র তাঁত ব্যবসায়ী। মূলধন স্বল্পতার কারণে সে বেশি কাপড় উৎপাদন করতে পারে না। বাধ্য হয়ে সে কাপড় উৎপাদনের পাশাপাশি স্বল্পমাত্রায় কাপড়ের ব্যবসা করে।

**১১. বশির সাহেবের সমস্যা সমাধানের জন্য দরকার—**
i. যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন
ii. মূলধন গঠন বৃদ্ধি
iii. ঋণের সহজলভ্যতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**১২. মালিকানার ভিত্তিতে খামার কত প্রকার?**
ক) ২　খ) ৩
গ) ৪　ঘ) ৫

**১৩. বাংলাদেশের জিডিপিতে কৃষির কোন উপ-খাতের অবদান বেশি?**
ক) বনজ সম্পদ　খ) শস্য ও শাকসবজি
গ) মৎস্য সম্পদ　ঘ) প্রাণিজ সম্পদ

**১৪. সময়ের ভিত্তিতে কৃষি ঋণ নিচের কোনটি?**
i. স্বল্পকালীন　ii. দীর্ঘকালীন
iii. অতি দীর্ঘকালীন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকের আলোকে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব রফিক জমিতে প্রচুর ধান উৎপাদন করেও দূরের বাজারে সরু রাস্তার জন্য তা বিক্রি করতে পারছেন না। বাজারে ধানের দাম সম্পর্কেও তার কোনো ধারণা নেই। ধান সংরক্ষণের কোনো ব্যবস্থা না থাকায় ধান উৎপাদনে তিনি নিরুৎসাহিত হচ্ছেন।

**১৫. উদ্দীপক অনুযায়ী জনাব রফিকের সমস্যা হলো—**
ক) কৃষি প্রযুক্তির ব্যবহার
খ) কৃষি পণ্যের বাজারজাতকরণ
গ) শস্য বহুমুখীকরণ
ঘ) অনুন্নত কৃষি বীজ

Teachingbd.com

১৬. জনাব রফিকের সমস্যা সমাধানের উপায়—
i. যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন
ii. উন্নত ধানের বীজ উদ্ভাবন
iii. পর্যাপ্ত অবকাঠামো নির্মাণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭নং প্রশ্নের উত্তর দাও:**
জাহিদ সাহেব X গার্মেন্টস এর মালিক। সম্প্রতি অতি মুদ্রাস্ফীতি ও উৎপাদন ব্যয় বৃদ্ধি পাওয়ায় তিনি বেশ শঙ্কিত।

১৭. উদ্দীপকের সমস্যা দুটির কারণে নিচের কোনটি ঘটবে?
ⓚ রপ্তানি হ্রাস ⓚ রপ্তানি বৃদ্ধি
ⓖ আমদানি হ্রাস ⓖ ভোগ বৃদ্ধি

১৮. কোনটি প্রত্যক্ষ কর?
ⓚ প্রমোদ কর ⓚ সম্পত্তিকর
ⓖ মুসক ⓖ বিক্রয় কর

১৯. সরকার ঋণ নেয় কারণ—
i. মুদ্রাস্ফীতি হ্রাস
ii. ঘাটতি বাজেট অর্থায়ন
iii. উৎপাদন বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকের আলোকে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও:**
X দেশের সরকার প্রশাসন, যুদ্ধ, অবকাঠামো, কল্যাণ ভাতা প্রভৃতি কারণে অর্থ ব্যয় করে। এই অর্থ আবার কর, শুল্ক, জরিমানা, ফি প্রভৃতি উৎস হতে সংগ্রহ করে।

২০. উদ্দীপকের আলোকে কোনটি উন্নয়ন ব্যয়?
ⓚ যুদ্ধ ⓚ প্রশাসন
ⓖ অবকাঠামো ⓖ কল্যাণ ভাতা

২১. X দেশের সরকারের আয়ের অভ্যন্তরীণ উৎস হলো—
i. কর রাজস্ব
ii. জরিমানা
iii. শুল্ক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২২. কোন দেশে সর্বপ্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয়?
ⓚ চীন ⓚ যুক্তরাষ্ট্র
ⓖ বৃটেন ⓖ সোভিয়েত ইউনিয়ন

২৩. ADP এর উদ্দেশ্য হলো—
i. কৃষি ও শিল্পোৎপাদন বৃদ্ধি
ii. জনসংখ্যা বৃদ্ধি
iii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৪. শিল্পনীতি ২০১০ অনুযায়ী বাংলাদেশে শিল্পকে কয়ভাগে ভাগ করা হয়?
ⓚ ৩ ⓚ ৬
ⓖ ৯ ⓖ ১২

**নিচের উদ্দীপকের আলোকে ২৫নং প্রশ্নের উত্তর দাও:**
সম্প্রতি বাংলাদেশ সরকার অর্থনৈতিক কর্মকাণ্ড বা উৎপাদন প্রতিষ্ঠান স্থাপন, পরিচালনা, সম্প্রসারণ, রক্ষণাবেক্ষণ এবং প্রতিষ্ঠান হতে আয় নিশ্চিত করার জন্য সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগের দিকে গুরুত্ব দিচ্ছে।

২৫. উদ্দীপকে নিচের কোন দিকটিকে নির্দেশ করছে?
ⓚ ইপিজেড ⓚ বিজিএমইএ
ⓖ জিডিপি ⓖ পিপিপি

২৬. কাম্য জনসংখ্যা তত্ত্বটিতে নিম্নের কোন অর্থনীতিবিদের অবদান আছে?
ⓚ এ মার্শাল ⓚ পিগু
ⓖ ম্যালথাস ⓖ ডালটন

২৭. মানবসম্পদ উন্নয়নের উপায় হলো—
i. শিক্ষা ও প্রশিক্ষণ
ii. জনসংখ্যা বৃদ্ধি
iii. বিনিয়োগ বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকের আলোকে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:**
X দেশে ২০১৬ সালে ১০ লক্ষ জীবিত শিশু জন্মলাভ করে এবং ৮ লক্ষ লোক মৃত্যুবরণ করে। ঐ বছরের মধ্য সময়ে সে দেশে মোট জনসংখ্যা ছিল ১০ কোটি।

২৮. ২০১৬ সালে X দেশে স্থূল জন্মহার কত ছিল?
ⓚ ২০ ⓚ ১২
ⓖ ১০ ⓖ ৮

২৯. ঐ সময়ে যদি মৃত্যুবরণকারীর সংখ্যা বৃদ্ধি পায় তবে স্থূল মৃত্যুহার—
ⓚ স্থির থাকবে ⓚ শূন্য হবে
ⓖ কমবে ⓖ বাড়বে

৩০. বাংলাদেশে খাদ্যপণ্যের মান নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান?
ⓚ FBCCI ⓚ BCIC
ⓖ BSTI ⓖ TCB

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ |

http://teachingbd.com